


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৩.২২. ১৮৬

তারিখ: ১৪/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পটি জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ মেয়াদে বাস্তবায়নধীন রয়েছে। বিধায় এডিপি প্রকল্প হিসেবে নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কাজ বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। চলতি ২০২১-২২ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। উল্লেখ্য ইরেসপো প্রকল্পের সকল কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়। অনলাইন সফটওয়্যার হতে সমিতি ও সদস্য ভিত্তিক সকল তথ্য (ঋণ, সঞ্চয় ও অন্যান্য) স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যায়। উক্ত তথ্য হতে নিরীক্ষা কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রদানকৃত ছকের সকল তথ্য পাওয়া যায়। তাই ইরেসপো কর্মসূচি/প্রকল্পের সফটওয়্যার হতে প্রাপ্ত সমিতি ভিত্তিক ডিটেইল লিস্টের তথ্য ব্যবহার করে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা সম্ভব। এছাড়া বিআরডিবি কর্তৃক চলমান অভ্যন্তরীণ নিরীক্ষার জন্য প্রদানকৃত ছকে নতুন করে ম্যানুয়ালী তথ্য প্রদান সময় সাপেক্ষ এবং এর ফলে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের গতি বিঘ্নিত হওয়ার সম্ভাবনা রয়েছে। যেহেতু নিরীক্ষার জন্য যাচিত সকল তথ্য ইরেসপো সফটওয়্যার হতে প্রাপ্তির সুযোগ রয়েছে, সেহেতু উক্ত সফটওয়্যারের সমিতি ভিত্তিক প্রিন্ট কপি হতে প্রাপ্ত তথ্যের আলোকে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।



মুপ্রিয় কুমার কুম্ভু
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৩.২২. ১৮৬

তারিখ: ১৪/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (প্রশাসন/অর্থ/পরিচালনা/সরেজমিন/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সকল)....., বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (সকল)....., বিআরডিবি, ঢাকা।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল জেলা)।
৫. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবির ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৯. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), উপজেলা: (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
১০. অফিস নথি/গার্ডফাইল।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪